# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত ফযীলত ওযূকারী ব্যক্তির জন্যও অর্জিত হতে পারে, যদি সে গোসল না-ও করে কিন্তু উল্লেখিত শর্তসমূহ পালন করে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْفَضْلَ قَدْ يَكُونُ للمتوضىء إِذَا أَتَى الْجُمُعَةَ بِهَذِهِ الْأَوْصَافِ وَإِنْ لَمْ يغتسل لها

---

আরবী

2768 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَسَمِعَ وَأَنْصَتَ غُفِرَ لَهُ مَا بَيْنَ الْجُمُعَةِ إِلَى الْجُمُعَةِ وَزِيَادَةُ ثَلَاثَةِ أَيَّامٍ وَمَنْ مَسَّ الْحَصَى فَقَدْ لغا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2768 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (371 و 9064): م.

قَالَ أَبُو حَاتِمٍ: قَدْ يَتَوَهَّمُ مَنْ لَمْ يَسْبُرْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ الْجُمُعَةَ إِلَى الْجُمُعَةِ ثَمَانِيَةُ أَيَّامٍ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَقُلْ: غُفِرَ لَهُ مِنَ الْجُمُعَةِ إِلَى الْجُمُعَةِ فَوَقْتُ الْجُمُعَةِ زَوَالُ الشَّمْسِ فَمِنْ زَوَالِ الشَّمْسِ يَوْمَ الْجُمُعَةِ إِلَى زَوَالِ الشَّمْسِ يَوْمَ الْجُمُعَةِ الْأُخْرَى سَبْعَةُ أَيَّامٍ وَقَوْلُهُ: (زِيَادَةُ ثَلَاثَةِ أَيَّامٍ) تَمَامُ الْعَشْرِ قَالَ الله جل وعلا {من جاء بالحسنة فله عشر أمثالها} [الأعراف: 160] وَهَذَا مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا: إِنَّ الْمَرْءَ قَدْ يَعْمَلُ طَاعَةَ اللَّهِ جَلَّ وَعَلَا فيَغْفِرُ اللَّهُ لَهُ بِهَا ذُنُوبًا لَمْ يَكْتَسِبْهَا بَعْدُ.

বাংলা

২৭৬৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি উত্তমরুপে ওযূ করে জুমু‘আর আসে, অতঃপর খুতবা শ্রবণ করে এবং চুপ থাকে, তবে সেই জুমু‘আহ থেকে পরবর্তী জুমু‘আহ এবং অতিরিক্ত আরো তিন দিন পর্যন্ত ক্ষমা করে দেওয়া হয়। আর যে ব্যক্তি কঙ্কর স্পর্শ করে, সে নিশ্চয়ই অনর্থক কাজে করে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “যে ব্যক্তি হাদীসের জ্ঞানে পরিপক্কতা অর্জন করেনি, সে ব্যক্তি কোন কোন সময় এই সংশয়ে নিপতিত হয় যে, এক জুমু‘আহ থেকে আরেক জুমু‘আহ পর্যন্ত আট দিন। কিন্তু বিষয়টি এমন নয়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘এক জুমু‘আহ থেকে আরেক জুমু‘আহ পর্যন্ত’ বলেননি। জুমু‘আর সময় হলো সূর্য পশ্চিম আকাশে ঢলে যাওয়া। সুতরাং জুমু‘আর দিন সূর্য অস্ত যাওয়ার পর থেকে পরের জুমু‘আহর সূর্য পশ্চিম আকাশে ঢলে যাওয়া পর্যন্ত সময় সাত দিন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “অতিরিক্ত আরো তিন দিন”, উভয়টি মিলে মোট পূর্ণ ১০ দিন। মহান আল্লাহ বলেছেন, “যে ব্যক্তি ভাল কাজ করবে, তার জন্য রয়েছে ১০ গুণ (সাওয়াব)।” –সূরা আ'রাফ: ১৬০।

এই বিষয়টি আমরা আমাদের কিতাবে বর্ণনা করেছি যে, কোন কোন সময় মানুষ ভালো কাজ করে, মহান আল্লাহ তার বদৌলতে এমন কিছু পাপ ক্ষমা করে দেন, যা সে পরে সম্পাদন করবে না।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৫৭; মুসনাদ আহমাদ: ২/৪২৪; তিরমিযী: ৪৯৮; ইবনু মাজাহ: ১০৯০; বাগাবী: ৩৩৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92098

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন